

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও প্র/এ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েব সাইটঃ www.techedu.gov.bd
ই-মেইলঃ techedu09@gmail.com

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১১.১৮.০৩৩.১৫- ১২

তারিখ : ০৮/০১/২০১৭ খ্রিঃ।

বিষয় : ব্রেইন টিউমার ও লাঙ্গ ক্যান্সারের চিকিৎসার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল হতে আর্থিক সাহায্য প্রাপ্তি প্রসঙ্গে।

সূত্র : ১ব্য(৯৪)২০১৪/২০০৮, তারিখ : ২৮/১২/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট এর ইনস্ট্রাক্টর (টেক) পাওয়ার জনাব মোঃ মুজিবুর রহমান ০২ (দুই) বছর যাবৎ ব্রেইন টিউমার ও লাঙ্গ ক্যান্সারে আক্রান্ত হওয়ায় তার ব্যয়বহুল চিকিৎসা প্রয়োজন। তবে তার এই ব্যয়বহুল চিকিৎসা চালিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না বিধায় মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল হতে আর্থিক সাহায্যে প্রাপ্তির জন্য আবেদন জানিয়েছেন।

১। উল্লেখ্য যে, তার চিকিৎসার জন্য খরচ হয়েছে প্রায় ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকা কিন্তু তার কাছে খরচের হিসাব আছে ১৪,১৪,৬৬৩/- (চৌদ্দ লক্ষ চৌদ্দ হাজার ছয়শত তেষট্টি) টাকা। তার চিকিৎসার জন্য ব্যয়িত অর্থ অধিকাংশই ধারকৃত।

২। এমতাবস্থায়, তার চাকুরী জীবন এবং পেনশন এর টাকা দিয়েও তার পক্ষে ধারকৃত টাকা পরিশোধ করা সম্ভব হবে না তাই মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল হতে আর্থিক সাহায্যে প্রাপ্তির জন্য আবেদন করেছেন। বিষয়টি মানবিক বিবেচনা করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

সংযুক্তি :

- ১। চিকিৎসার জন্য খরচের ভাউচার।
- ২। চিকিৎসার সকল ডকুমেন্টসমূহ।

স্বাক্ষরিত/-

(অশোক কুমার বিশ্বাস)

অতিরিক্ত সচিব (কারিগরি)

ও

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

সচিব

কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন

সচিবালয় লিংক রোড, ঢাকা- ১০০০।


[দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।]

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১১.১৮.০৩৩.১৫- ১২

তারিখ : ০৮/০১/২০১৭ খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। অধ্যক্ষ, ঢাকা, পলিটেকনিক ইনস্টিটিউট।
- ২। জনাব মোঃ মুজিবুর রহমান চৌধুরী, ইনস্ট্রাক্টর (পাওয়ার), ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৪। পিএ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সংরক্ষণ নথি।


(মোঃ আব্দুল ওয়াদুদ মন্ডল)
সহকারী পরিচালক - ২